**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**6 NOVEMBER 2024** **7:35 AM IST**

===========================================================================

নীতি আয়োগ জল ব্যবস্থাপনা , সংরক্ষণ ও বহনক্ষমতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আজ থেকে ১৫ দিনব্যাপী জল উৎসব অভিযান আরম্ভ করবে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গত বছর ডিসেম্বর মাসে অনুষ্ঠিত মুখ্য সচিবদের তৃতীয় সম্মেলনে নদী উৎসব বা জল উৎসব উদযাপনের জন্য গ্রহণ করা প্রস্তাব অনুযায়ী এই অভিযানের আয়োজন করা হয়েছে । নীতি আয়োগ এক বিবৃতিতে বলেছে যে আজ থেকে ২৪ শে নভেম্বর পর্যন্ত দেশের ২০ টি উচ্চাখাক্ষী জেলা ও বিভিন্ন উন্নয়নখন্ডে জল উৎসব অভিযান রুপায়ন করা হবে ।জাতীয় জল জীবন মিশন , বিশুদ্ধ পানীয় জল ও অনাময় বিভাগ ও জলশক্তি মন্ত্রনালয়ের সহযোগীতায় এই অভিযানের আয়োজন করা হয়েছে ।

---

আগামী ১৩ ই নভেম্বর ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি আসনে অনুষ্ঠেয় বিধানসভা উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । মুখ্যমন্ত্রী ও রাজ্যের প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ ধলাই বিধানসভা কেন্দ্রের দলীয় প্রার্থী নীহার রঞ্জন দাসের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিতে শিলচর আসেন । তিনি ধলাই বিধানসভা আসনের অর্ন্তগত পালংঘাটের সি সি জে সি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন । এছাড়াও ডঃ শর্মা ধলাইয়ের বাম নিত্যানন্দ বহুমুখী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত অপর একটি নির্বাচনী সভায়ও দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচার চালান । ডঃ শর্মার সঙ্গে এই প্রচার অভিযানের সময় রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া, সাংসদ

কৃপানাথ মালাহ্, পাঁচ বিধায়ক দীপায়ন চক্রবর্তী, কৌশিক রাই, মিহির কান্তি সোম, কৃষ্ণেন্দু পাল, বিজয় মালাকার, বর্তমান সাংসদ পরিমল শুক্লবৈদ্য, প্রাক্তন সাংসদ রাজদীপ রায় প্রমুখ উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ধলাই আসনের উপ-নির্বাচনে কেন্দ্র ও রাজ্যে ক্ষমতাসীন বিজেপি শাসিত সরকারের আমলে বিজেপি প্রার্থীকেই জয়ী করলে ধলাইয়ের উন্নয়ন ত্বরান্বিত হবে বলে মন্তব্য করে ভোটদাতাদের এই আসনের বিজেপি প্রার্থী শ্রী দাসকে জয়ী করার আহ্বান জানিয়েছেন ।

এদিকে বিহালী বিধানসভা কেন্দ্রে আজ রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা, সাংসদ পবিত্র মার্ঘেরিটা, রঞ্জিত দত্ত এবং মন্ত্রী কেশব মহন্ত ও অতুল বরা নির্বাচনী প্রচার চালান । কংগ্রেস দলের প্রার্থীর হয়ে আজ বঙাইগাওয়ে দলের রাজ্য সভাপতি ভূপেন বরা প্রচার অভিযানে অংশ নেন । তিনি জনসাধারণকে দুর্নীতিমুক্ত প্রশাসন এবং উন্নয়নের স্বার্থে দলীয় প্রার্থীকে জয়ী করার আহ্বান জানান । সাংসদ রকিবুল হোসেন আজ সামগুড়ি আসনের কংগ্রেস প্রার্থী তানজিল হোসেনের হয়ে প্রচার সভায় অংশ নেন । এদিকে সিডলি আসনের বিপিএফ প্রার্থী বুদ্ধ বসুমাতারীর হয়ে দলের সভাপতি হাগ্রামা মহিলারী প্রচারে অংশ নেন ।

---

সংসদের শীতকালীন অধিবেশন আগামী ২৫ শে নভেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে । সংসদীয় পরিক্রমা বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সামাজিক মাধ্যমে এক বিশেষ পোস্টে বলেন যে সংবিধান সদনের সেন্ট্রাল হলে আগামী ২৬ শে নভেম্বর সংবিধান গ্রহণের ৭৫ তম বার্ষিকী পালন করা হবে ।

---

আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান বিভাগের সাইবার শাখা সাইবার প্রবঞ্চনা রোধ করার ক্ষেত্রে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা সহ জনসাধারণকে সচেতন করার জন্য এক বিজ্ঞপ্তী প্রকাশ করেছে । সেই অনুযায়ী কোনো ধরণের প্রলোভন বা কমিশনের আশায় নিজের ব্যাংক একাউন্ট অন্য কোনো ব্যাক্তিকে ব্যবহার করতে দেওয়া থেকে বিরত থাকতে বলা হয়েছে । এছাড়া যদি কোনো ব্যাংক কর্মী সাইবার অপরাধের সংগে জড়িত সন্দেহজনক একাউন্ট খুলতে সহায়তা করেন তাহলে সেই ব্যাংক কর্মীর বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা নেওয়া হবে বলে বলা হয়েছে । আসাম পুলিশ কষ্টে উপার্জন করা অর্থ প্রবঞ্চকের দ্বারা

যাতে হারাতে না হয় সেজন্য সকলকে সচেতন হয়ে থাকা সহ আসাম পুলিশের সংগে যোগাযোগ করতে আহ্বান জানানো হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট উৎসবের অংশ নাহাই খাই উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী সকল ব্রতধারীদের বিশেষ শুভেচ্ছা জানান । ছট মায়ের আশীর্বাদের তাদের ধর্মীয় আচার অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হবে বলেও প্রধানমন্ত্রী আশা ব্যাক্ত করেন ।

মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা ছট পূজা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । মূখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় এই শুভক্ষণে ছট মাতা এবং সূর্যদেবের আশীর্বাদে সকলের জীবন ধন্য হবে বলে আশা প্রকাশ করেন । তিনি সেইসঙ্গে সবার সুখ ,শান্তি ও সমৃদ্ধি কামনা করেন ।

বরাক উপত্যকার চা বাগান অঞ্চল সহ তিন জেলার হিন্দিভাষাভাষী জনসাধারণের মধ্যে ছট পূজাকে কেন্দ্র করে আজ থেকেই ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে । বাজারে রং-বেরঙের চুনরী, বাঁশ-বেতের ডালা-কূলো, ফল-ফুল ইত্যাদি পূজোর সামগ্রী কিনতে গ্রাম শহরের বিভিন্ন স্থানে ভক্তদের ভীড় লক্ষ্য করা গেছে। শিলকুড়ি বরমবাবা মন্দির প্রাঙ্গণে ছটপূজো উপলক্ষে বিশেষ মণ্ডপ বানিয়ে পূজোর আয়োজন করা হচ্ছে । এছাড়াও উপত্যকার গ্রাম এবং বাগান অঞ্চলে এই পূজোকে কেন্দ্র করে উৎসবের মেজাজ দেখা যাচ্ছে ।

---

হাইলাকান্দি জেলায় প্রধানমন্ত্রীর ইন্টার্নশিপ স্কিমে অনলাইন দরখাস্ত আহ্বান করা হয়েছে । শিক্ষিত চাকুরী প্রত্যাশীদের এই কার্যসূচীর অধীনে আগামী ১০ ই নভেম্বরের মধ্যে পঞ্জীয়ন করতে হবে ।পঞ্জীয়ন ও বিস্তারিত বিবরনের জন্য www.pm internship .gov. in এ প্রার্থীদের ভিজিট করতে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে আবেদন জানানো হয়েছে ।উল্লেখ্য পঞ্জীয়নের জন্য প্রার্থীদের বয়স ২১ থেকে ২৪ এবং শিক্ষাগত

যোগ্যতার ক্ষেত্রে  দশম শ্রেণী উত্তীর্ন থেকে স্নাতক অথবা আই টি আই ডিপ্লোমা থাকতে হবে । পঞ্জীয়নের সময় আধার এবং পারিবারিক আয়ের প্রমানপত্র জমা দিতে হবে ।

---

সরকারী পেনশনভোগীদের চলতি মাসে লাইফ সার্টিফিকেট জমা দেবার প্রক্রিয়াকে আরো সহজ করতে হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষ বিশেষ ব্যাবস্থা গ্রহণ করেছে । কর্তৃপক্ষ জেলার দুটি ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্কে হেল্প ডেস্ক চালু করেছে । এই হেল্প ডেস্কের মাধ্যমে আইন সেবা কর্তৃপক্ষের প্যারা লিগেল ভলান্টিয়াররা প্রবীণ পেনশন প্রাপকদের লাইফ সার্টিফিকেট ফর্ম সঠিভাবে জমা দেবার ক্ষেত্রে সব ধরণের সহায়তা প্রদান করছেন । এই প্যারা লিগেল ভলান্টিয়াররা শারিরীকভাবে অসুস্থ পেনশন প্রাপকদের ঘরে গিয়েও অনুরূপ বিনামূল্যে সেবা প্রদান করছেন । আগামী ৩০ শে নভেম্বর পর্যন্ত এই সেবা অব্যাহত থাকবে ।

---